

আয-যুখরুফ | Az-Zukhruf | الزُّخْرُف

আয়াতঃ ৪৩ : ৩৭

আরবি মূল আয়াত:

وَإِنَّهُمْ لَيَصُدُّونَهُمْ عَنِ السَّبِيلِ وَيَحْسَبُونَ أَنَّهُمْ مُّهْتَدُونَ ﴿٣٧﴾

অনুবাদসমূহ:

আর নিশ্চয় তারাই (শয়তান) মানুষদেরকে আল্লাহর পথ থেকে বাধা দেয়। অথচ মানুষ মনে করে তারা হিদায়াতপ্রাপ্ত। — আল-বায়ান

তারাই মানুষকে সৎপথে চলতে অবশ্যই বাধা দেয়, আর মানুষ মনে করে যে, তারা সঠিক পথে রয়েছে। — তাইসিরুল

শাইতানরাই মানুষকে সৎ পথ হতে বিরত রাখে, অথচ মানুষ মনে করে যে, তারা সৎ পথে পরিচালিত হচ্ছে। — মুজিবুর রহমান

And indeed, the devils avert them from the way [of guidance] while they think that they are [rightly] guided — Sahih International

৩৭. আর নিশ্চয় তারাই (শয়তানরা) মানুষদেরকে সৎপথ থেকে বাধা দেয়, অথচ মানুষরা (ভ্রষ্ট পথে থাকার পরও) মনে করে তারা (নিজেরা) হেদায়াতপ্রাপ্ত।(১)

(১) অর্থাৎ শয়তানরা সে সমস্ত লোকদেরকে সৎ পথ থেকে দূরে রাখে যারা আল্লাহর স্মরণ হতে বিমুখ। শয়তানরা স্মরণবিমুখ লোকদের জন্য ভ্রষ্ট পথকে সুশোভিত করে দেখায়, আর আল্লাহর উপর ঈমান ও সৎকাজ করাকে অপছন্দনীয় করে রাখে। আর আল্লাহর স্মরণ বিমুখ লোকেরা শয়তানের পক্ষ থেকে সুশোভিত করার কারণে তারা যে ভ্রষ্ট মতাদর্শের উপর রয়েছে সেটাকেই হক ও হেদায়াতের পথ মনে করতে থাকে। [দেখুনঃ মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

(৩৭) শয়তানরাই মানুষকে সৎপথ হতে বিরত রাখে। আর মানুষ মনে করে, তারা সৎপথপ্রাপ্ত।[1]

[1] অর্থাৎ, এই শয়তান তার সত্যের পথে বাধা হয়ে তা থেকে তাকে বিরত রাখে এবং সব সময় তাকে বুঝায় যে, তুমি সত্যের উপর আছ। ফলে সে আসলেই নিজের ব্যাপারে এই ধারণা করতে লাগে যে, সে সত্যের উপর রয়েছে। অথবা কাফের শয়তানদেরকে সৎপথপ্রাপ্ত মনে করে এবং তাদের আনুগত্য করে চলে। (ফাতহুল ক্বাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4362>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন